হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

*********************

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 3 JULY 2025, THURSDAY । ৩ জুলাই ২০২৫, বৃহস্পতিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-321 PAGE । পৃষ্ঠা-4

## রাজ্য বিজেপির ভরসা শমীক ভট্টাচার্য



এই যুগ, কলকাতা, ২ জুলাই : ২৬ শে রাজ্য বিধানসভা নির্বাচন। তার আগে বহুদিন থমকে থাকা কাজ সেরে ফেলল বিজেপি। নির্বাচন হয়ে গেল বঙ্গ বিজেপির সভাপতি পদে। দিলীপ ঘোষ, সুকান্ত জমানার পর অবশেষে বঙ্গ বিজেপির নেতৃত্ব এবার শমীক ভট্টাচার্যের কাধে। জল্পনার অবসান ঘটিয়ে তিনিই যে নতুন রাজ্য সভাপতি নির্বাচিত হতে চলেছেন যে শুধু ঘোষণা র অপেক্ষায়। যদিও আনুষ্ঠানিক ঘোষণা বাকি রয়েছে, তবে শমীক ভট্টাচার্যই যে বিজেপির নতুন রাজ্য সভাপতি হচ্ছেন, তা অনেকটাই নিশ্চিত।এদিন একমাত্র শমীক ভট্টাচার্যই এই পদের জন্য মনোনয়ন দাখিল করেছেন। অন্য কোনও মনোনয়ন জমা পড়েনি। তাঁর প্রস্তাবক হিসেবে সই করেছেন শুভেন্দু অধিকারী ও বিদায়ী সভাপতি সুকান্ত মজুমদার।এদিন কলকাতার মুরলীধর সেন লেনে বিজেপি দফতরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মাল্যদান করেন শমীক ভট্টাচার্য। মাল্যদান শেষে তিনি দলীয় কর্মীদের উদ্দেশে বক্তব্য রাখেন। সাংবাদিকেরা তাঁকে নতুন সভাপতি নির্বাচন নিয়ে জিজ্ঞাসা করলে শমীক বলেন, পুরনো-নতুন সকলকে এক হয়ে কাজ করতে হবে।

## রংটং স্টেশনের কাছে লাইনচ্যুত দার্জিলিংগামী টয়ট্রেন, নিরাপদে পর্যটকরা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২ জুলাই : রংটং স্টেশনের কাছে বুধবার দুপুরে লাইনচ্যুত হয় শিলিগুড়ি থেকে দার্জিলিংগামী টয়ট্রেন। জানা গেছে এদিন শিলিগুড়ি থেকে পর্যটক বোঝাই টয়ট্রেনটি দার্জিলিং এর উদ্দেশ্যে রওয়ানা হয়। রংটং স্টেশনের দু কিলোমিটার আগে আচমকাই লাইনচ্যুত হয় টয় ট্রেনটি। রেল সূত্রে খবর পর্যটকদের মধ্যে কেউ আহত হয়নি, সকলে নিরাপদেই আছে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান রেলের আধিকারিকগন সহ কর্মীরা। রেল কর্মী ও স্থানীয়দের সহায়তায় ট্রেনটিকে ফের লাইনে ওঠানো হয়। লাইনে ওঠানোর পর পর্যটকদের নিয়ে দার্জিলিং এর উদ্দেশ্যে রওয়ানা হয় ট্রেনটি।লাইনচ্যুতির কারন জানতে তদন্ত শুরু করেছেন রেলের আধিকারিকগন।

## নাবালিকা নির্যাতনে অভিযুক্ত জেলা হাসপাতালে চিকিৎসাধীন



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ২ জুলাই : ১২ বছরের নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে গ্রেফতার করা হয়েছিল শামুকতলা থানা এলাকার ৬০ বছরের এক ব্যক্তিকে। বুধবার ওই ব্যক্তিকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলার কথা ছিল। কিন্তু শারীরিক অসুস্থতার জন্য তাকে আদালতে তোলা সম্ভব হয়নি। তাকে ভর্তি করা হয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। এমনটাই জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব বুধবার রাত সাড়ে সাতটা নাগাদ। পুলিশ সূত্রে জানা এলাকার ১২ বছরের এক নাবালিকাকে যৌন নির্যাতন করে টাকা দিয়ে মিটিয়ে নেওয়ার পরিকল্পনা ছিল অভিযুক্তের পরিবারের। বিষয়টি চাউর হতেই পুলিশ নাবালিকার পরিবারকে ডেকে অভিযোগ লেখান। এরপরেই গ্রেফতার করা হয় ষাট বছর বয়স্ক ব্যক্তিকে। পুলিশ সূত্রে জানা গেছে বেশ কিছুদিন যাবত ওই ব্যক্তি শারীরিক অসুস্থতায় ভুগছিলেন। মঙ্গলবার রাতে তাকে গ্রেফতার করা হয় বুধবার তাকে আদালতে তোলার কথা ছিল। কিন্তু তাকে আদালতে তোলা সম্ভব হয়নি অসুস্থতার কারণে।

## আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবসের প্রাক্কালে কুমারগ্রাম বাজারে সচেতনতামূলক প্রচার



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২ জুলাই :প্রতি বছর জুলাই মাসের তিন তারিখ বিশ্বজুড়ে পালিত হয় আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবস রূপে। আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবসের প্রাক্কালে আলিপুরদুয়ার জেলা প্রশাসন জলাই মাসের এক তারিখ থেকে তিন তারিখ পর্যন্ত জেলার গ্রাম পঞ্চায়েত গুলিতে শুরু করেছে প্লাস্টিক ব্যাগ মুক্তির অভিযান ও প্লাস্টিক ব্যাগ ব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা প্রচার। জেলার বিভিন্ন প্রাথমিক স্কুলের পড়ুয়াদের পাশাপাশি জেলার গ্রামীন হাট ও বাজারগুলির ক্রেতা বিক্রেতাদের মধ্যে প্লাস্টিকের ব্যাগ ব্যবহার ও পুনর্ব্যবহার এর কুফল সম্পর্কে প্রচার চালাচ্ছে জেলা প্রশাসন। বুধবার কুমারগ্রাম বাজারে ক্রেতা ও বিক্রেতাদের কাপড়ের ব্যাগ বিতরন করে প্লাস্টিক ব্যাগ ব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা প্রচার করা হয়। এদিনের প্রচারে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর অতিরিক্ত জেলাশাসক, কুমারগ্রামের বিডিও সহ অন্যান্য আধিকারিকগন।

## জেলার কথা

# সিপিআইএমের অবস্থান বিক্ষোভে গন্ডগোল , ঘটনাস্থলে পুলিশ



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার ,২ জুলাই : সিপিআইএমের অবস্থান বিক্ষোভকে কেন্দ্র করে ঘুমধুমার পরিস্থিতি আলিপুরদুয়ার বিবেকানন্দ দুই নম্বর পঞ্চায়েত অফিসে। অবস্থানরত সিপিএম কর্মীদের উপর আক্রমন করার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। পুলিশ ঘটনাস্থলে যাওয়ার পর অবস্থা আয়ত্তে আনে এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার জংশন পুলিশ ফাঁড়ির ওসি জগদীশ রায়ের কাছ থেকে বুধবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিবেকানন্দ দুই গ্রাম পঞ্চায়েত দফতরের সামনে অবস্থান বিক্ষোভ করছিলেন সিপিআইএম নেতৃত্বরা বিভিন্ন দাবিদার ভিত্তিতে। তাদের অভিযোগ না অবস্থান চলাকালীন তৃণমূলের কিছু লোক তাদের বাধা দেওয়ার চেষ্টা করে। আলিপুরদুয়ার জংশন পুলিশ ফাঁড়ির ওসি জগদীশ রায় জানিয়েছেন উত্তেজনার সৃষ্টি হয়েছিল বিকেল নাগাদ। তবে কোন মারপিটের ঘটনা ঘটে নি। পুলিশ দুপক্ষকেই সরিয়ে দিয়েছে। এলাকা শান্তিপূর্ণ আছে।

# ছিপড়ার গভীর জঙ্গলে বাজ পড়ে মৃত এক , আহত তিন



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২ জুলাই : ভাত খাওয়া হল না তপন রাভার। মুহূর্তের মধ্যেই বাজ পড়ে মৃত্যু হয়েছে তার। এমনটাই বলছেন বক্সা ব্যাঘ্র প্রকল্পের বনদপ্তরের কর্মী। ছিপড়া বিট অফিসের প্রায় চার কিলোমিটার ভিতরে সিঙ্গিঝোড়া ওয়াচ টাওয়ারের পাশে বাজ পড়ে মৃত্যু হল তপন রাভা নামে এক ব্যক্তির। আহত হয়েছেন পাঁচজন। আহতদের মধ্যে তিনজনকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে বাকি দুজনকে প্রাথমিক চিকিৎসা করা হয়েছে বাড়িতেই। আহত ব্যক্তিরা হলেন বিশ্বজিৎ রাভা , ইন্দ্রজিৎ রাভা , জোৎস্না রাভা। অন্যদিকে শাওন কুমার রাভা এবং রাহন রাভার প্রাথমিক চিকিৎসা হয়েছে বাড়িতেই। বনদপ্তর সূত্রে জানা গেছে বক্সা ব্যাঘ্র প্রকল্পের রায়ডাক রেঞ্জের ছিপড়া বিটের গভীর জঙ্গলে চারাগাছ লাগানোর কাজ চলছে। বেলা বারোটা নাগাদ আকাশ প্রচন্ড মেঘলা হয়ে পড়ে। এদিন আশি জন শ্রমিক ওই এলাকায় কাজ করছিলেন গাছ লাগানোর। বেলা বারোটা নাগাদ শ্রমিকরা যখন ভাত খাওয়ার জন্য যাচ্ছিলেন ঠিক সেই মুহূর্তে হঠাৎই বাজ পড়ে। মুহূর্তের মধ্যেই শ্রমিকরা দৌড়াদৌড়ি শুরু করেন। ঘটনাস্থলেই তপন রাভা পড়ে যান এবং বাকি আরো তিনজন গুরুতর জখম হয়ে ওই স্থানেই পড়ে থাকেন। বাকি শ্রমিকরা দৌড়াদৌড়ি করার পর দেখতে পান চার জনের অবস্থা আশংকা জনক। গভীর জঙ্গলে এমন ঘটনা ঘটার পরেই রায়ডাক বনাঞ্চলের বনকর্মীরা তাদেরকে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নিয়ে আসেন খুব কষ্ট করে বেলা পৌনে দু টা নাগাদ। চিকিৎসক তপন রাভাকে মৃত বলে ঘোষণা করে। এদিকে তপনকে মৃত বলে ঘোষণা করার পরেই কান্নায় ভেঙ্গে পড়েন তার বাবা মা সহ আত্মীয় পরিজনেরা। বাকি তিন জনকে প্রাথমিক চিকিৎসা করার পর আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়। বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায় ডাক রেঞ্জের ছিপড়া বিটের বিট অফিসার সুজিত বর্মন তাদেরকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যান। এদিকে দুর্ঘটনার খবর পাওয়ার পরেই শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ছুটে আসেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে সহ অন্যান্য পুলিশ কর্মীরা। তপন রাভার মৃতদেহ শামুকতলা থানার পুলিশ হেফাজতে রাখা হয়। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনজন। এদিকে বনদপ্তর সূত্রে জানা গেছে যেহেতু বন্যপ্রাণীর আক্রমণে মৃত্যু হয়নি স্বাভাবিক ভাবেই সরাসরি বনদপ্তরের তরফে ক্ষতিপূরণ দেওয়া যাবে না। তবে ডিজাস্টার ম্যানেজমেন্ট ও প্রশাসনের তরফে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা রয়েছে। তবে শেষ পর্যন্ত তপন রাভার পরিবার সরকারি কতটুকু সাহায্য পাবে তা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

## কাগজের নৌকা

৩ জুলাই ২০২৫ , বৃহস্পতিবার

### ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন ,
বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায়।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন ,সময় করে না ছোটে ,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# হারিয়ে যাওয়া মোবাইল উদ্ধার পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২ জুলাই : হারিয়ে যাওয়া ৩৫ টি মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিলেন শামুকতলা থানার পুলিশ এমনটাই জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ কে বুধবার বিকেল পাঁচটা নাগাদ। থানা এলাকার বিভিন্ন বাসিন্দারা বিভিন্ন সময়ে মোবাইল হারিয়ে থানায় অভিযোগ দায়ের করেছিলেন। গত তিন মাস ধরে হারিয়ে যাওয়া মোবাইল উদ্ধার করে পুলিশ হেফাজতে রাখা হচ্ছিল অবশেষে জেলা প্রশাসনের নির্দেশে বুধবার দুপুর থেকে এই মোবাইল প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া শুরু হয়। হারিয়ে যাওয়া মোবাইল হাতে পেয়ে খুশি মোবাইলের মালিকরা।

# করোনা পরবর্তীকালে আচমকা মৃত্যুতে ভ্যাকসিনের কোন যোগ নেই ,বার্তা আইসিএমআরের গবেষণার




এই যুগ , দিল্লি ,২ জুলাই : স্যোশাল মিডিয়ায় হার্ট অ্যাটাক এর জন্য বর্তমানে কোভিড ১৯ ভ্যাকসিন করে পোস্ট । দেশ জুড়ে ভয় ভাব সৃষ্টি কিছু অসাধু চক্রের। যদিও তাদের মিথ্যায় জল ঢেলে দিল । করোনার পর আচমকাই অনেক মানুষের অকালমৃত্যু নিয়ে নানা সময়ে নানা আলোচনা হয়েছে। করোনা ভ্যাকসিনের কারণেই এই ঘটনা ঘটছে কিনা তা নিয়ে অনেকেরই সন্দেহ প্রকাশ হয়েছে। তবে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ এবং এইমস-এর বিশদ গবেষণা থেকে এটা স্পষ্ট যে কোভিড-১৯ ভ্যাকসিন এবং কোভিড-১৯ পরবর্তীকালে প্রাপ্তবয়স্কদের মধ্যে আকস্মিক মৃত্যুর মধ্যে কোনও যোগসূত্র নেই। দেশে ৪০ বছরের কম বয়সীদের মধ্যে হঠাৎ করে বর্তমানে হৃদরোগে আক্রান্তের হার বৃদ্ধি পাওয়ায় এই গবেষণাটি করা হয়েছিল। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক স্পষ্ট জানিয়েছে যে কোভিড ভ্যাকসিন এবং অল্পবয়স্কদের মধ্যে হৃদরোগে আক্রান্ত হওয়ার মধ্যে কোনও সম্পর্ক নেই। জাতীয় সমীক্ষাতে দেখা গিয়েছে যে জীবনযাপন এবং আগে থেকে থাকা শারীরিক অসুস্থতার কারণে আকস্মিক মৃত্যুর ঘটনা ঘটে।

# আদালত অবমাননার অভিযোগে হাসিনার ছয় মাসের কারাদণ্ডের সাজা বাংলাদেশে



এই যুগ ,২ জুলাই : বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ক্ষমতা হারানোর পর কোনও মামলায় এই প্রথম হাসিনার কারাদণ্ড হল। আদালত অবমাননার দায়ে এই সাজা ঘোষণা করা হয়েছে বলে জানা গেছে। বিচারপতি মহম্মদ গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের ট্রাইব্যুনাল এদিন বুধবার এই আদেশ দিয়েছে। ট্রাইব্যুনালের অন্য দুই সদস্য হলেন বিচারপতি মহম্মদ শফিউল আলম মাহমুদ ও বিচারক মহম্মদ মোহিতুল হক এনাম চৌধুরী। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় সংঘটিত মানবতা বিরোধী অপরাধের বিচার করার জন্য গঠিত একটি বিশেষ আদালত।এই মামলার অন্য আসামি গাইবান্ধার গোবিন্দগঞ্জের শাকিল আকন্দ বুলবুল ওরফে মহম্মদ শাকিল আলমকেও দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল।

# পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে পুলিশের পক্ষ থেকে বৃক্ষরোপণ কর্মসূচি




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২ জুলাই : পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে সেফ ড্রাইভ সেভ লাইফ অনুষ্ঠানের অঙ্গ হিসাবে বুধবার কোচবিহার জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে দিনহাটা মহিলা থানা চত্বরে আয়োজিত হয় বৃক্ষরোপণ কর্মসূচি। জানা গেছে এদিন মহিলা থানা চত্বরে একশোটি বিভিন্ন ভেষজ গুণ সম্পন্ন গাছের চারা রোপন করা হয়েছে। একটি গাছ একটি প্রান এই শ্লোগানকে সামনে রেখে জেলা পুলিশের পক্ষ থেকে সারা বছর ধরেই বৃক্ষরোপণ করা হয়। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা ট্রাফিক পুলিশের ইন্সপেক্টর ভাস্কর বিশ্বাস , দিনহাটা ট্রাফিক ওসি মহাদেব শীল সহ অন্যান্যরা। সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচিতে সর্বসাধারনকে ট্রাফিক আইন সম্পর্কে সচেতন করার পাশাপাশি বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশ রক্ষার বার্তা দিতেই এই উদ্যোগ বলে জানান ট্রাফিক ইন্সপেক্টর ভাস্কর বিশ্বাস।

# ৬৪ তম ইন্টার স্কুল ফ্রি সুব্রত কাপের উদ্বোধন শামুকতলায়





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই : ৬৪ তম ইন্টার স্কুল প্রি সুব্রত কাপ ক্লাস্টার লেভেল ফুটবল চ্যাম্পিয়নশিপ অনূর্ধ্ব ১৭ মহিলা ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন হয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সাঁওতালপুর মিশন হাই স্কুল মাঠে বুধবার বিকেল সাড়ে তিনটা নাগাদ। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন মহকুমা শাসক দেবব্রত রায় । তার সঙ্গে ছিলেন স্কুল পরিদর্শক রবিনা তামাং আলিপুরদুয়ার জেলা পরিষদের মেন্টোর মৃদুল গোস্বামী ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল জেলা পরিষদের সদস্য বাবুলাল মারান্ডি শামুকতলা গ্রাম পঞ্চায়েত প্রধান জেলা পরিষদের কো মেন্টর সুরেশ রায় সহ অনেকেই। জাতীয় পতাকা উত্তোলনের পাশাপাশি বেলুন উড়ানো হয় খেলার মাঠ থেকেই। বৃহস্পতি এবং শুক্র বার দুদিন চলবে খেলা। আলিপুরদুয়ার কোচবিহার জলপাইগুড়ি র দার্জিলিং শিলিগুড়ি দিনাজপুর সহ মোট ৯টি জেলার দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। সুব্রত কাপ টুর্নামেন্টের মূল লক্ষ্য হলো স্কুল পর্যায়ে খেলাধুলার উন্নতি করা এবং তরুণ প্রতিভাবান খেলোয়াড়দের খুঁজে বের করা। এই টুর্নামেন্টে ভারতীয় বিমানবাহিনীর প্রাক্তন প্রধান এয়ার মার্শাল সুব্রত মুখার্জির নামে নামকরণ করা হয়েছে। এই খেলা আয়োজনের জন্য কমিটিকে সাধু ভাষা জানিয়েছেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল থেকে শুরু করে মেন্টর মৃদুল গোস্বামী।

# ৩৫ টি পথবাতির উদ্বোধনে প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি




এই যুগ , হাওড়া ,২ জুলাই : শিবপুর বিধানসভা কেন্দ্রর অন্তর্গত ৯ নম্বর ওয়ার্ড এর দাসনগর সানেরঘাট অঞ্চলে ৩৫ টি পথবাতির উদ্বোধন করা হলো। বিধায়ক মন্ত্রী মনোজ তিওয়ারির বিধায়ক তহবিল থেকে পথবাতি দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিবপুর কেন্দ্রের বিধায়ক তথা ক্রীড়া ও যুব কল্যাণ প্রতি মন্ত্রী মনোজ তিওয়ারি ,শিবপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস এর সভাপতি মহেন্দ্র শর্মা, সাধারণ সম্পাদক বিপ্লব দে ,হাওড়া জেলা নমঃশূদ্র উদ্বাস্তু সেল এর সভাপতি ভোলানাথ সেন সহ আরো অনেকে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।